

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিকল্পনা মন্ত্রণালয়  
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ  
সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট  
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

Tel: 9144252-3, Fax: 9180968, E-mail: info@cphu.gov.bd, Website: www.cphu.gov.bd

নং-২১.০০.০০০০.৩৬৪.২২.০১৬.১৯-১৭২

তারিখঃ ০৩/০৯/২০১৯ খ্রিঃ

বিষয়ঃ সংশোধিত প্রাক্কলন (Revised Estimate) অনুমোদন গ্রহণ প্রসঙ্গে।  
সূত্রঃ-২৩৮-মপ/বাপাউবো/২০১৯; তারিখঃ ১৪/০৮/২০১৯ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, কার্য (Works) চুক্তির ক্ষেত্রে ভেরিয়েশন অর্ডার প্রণয়ন ও মূল্য নির্ধারণ বিষয়ে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ (পিপিআর, ২০০৮) এর বিধি-৭৯ ও ৮০ তে বিশদ নির্দেশনা রয়েছে। এ ক্ষেত্রে অতিরিক্ত কার্যের আইটেমসমূহ মূল চুক্তির অনুরূপ বা একই হলে (Tendered Items) উক্ত অতিরিক্ত আইটেমসমূহের মূল্য পরিশোধের ক্ষেত্রে মূল চুক্তির একক মূল্য প্রযোজ্য হবে [(বিধি-৮০(১)(ক))]। অন্যদিকে নতুন আইটেম (Non-tendered Items) অন্তর্ভুক্তির ক্ষেত্রে উক্ত আইটেমসমূহের মূল্য নির্ধারণ প্রক্রিয়া বিধি-৮০(১)(খ)-তে বর্ণিত আছে। এ ছাড়াও আদর্শ দরপত্র দলিল এ অন্তর্ভুক্ত চুক্তির সাধারণ শর্তাবলীতে (General Conditions of Contract) (উদাহরণস্বরূপ PW3) ভেরিয়েশন অর্ডার এর প্রক্রিয়াকরণ ও মূল্য নির্ধারণ বিষয়ে বিশদ নির্দেশনা রয়েছে।

০২। বর্ণিত অবস্থায় ভেরিয়েশন অর্ডার অনুমোদনের জন্য (Tendered/Non-tendered Items উভয় ক্ষেত্রেই) ক্রয়কারী বিধি-৭৯(২)(ক) এর নির্দেশনা অনুযায়ী অনুমোদনকারী কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করবেন। ফলে ভেরিয়েশন প্রস্তাবে অন্তর্ভুক্ত আইটেমসমূহের সংশোধিত প্রাক্কলিত ব্যয় আলাদাভাবে অনুমোদনের প্রয়োজন নেই।

০৩। বিবেচ্য পত্রে প্রদত্ত তথ্যের ভিত্তিতে এ মতামত প্রদান করা হলো।

মহাপরিচালক  
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (বাপাউবো)  
ওয়ার্পদা ভবন (৩য় তলা)  
মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

(মোঃ মাহফুজার রহমান)  
উপপরিচালক  
ফোনঃ ৯১৪৪২৫২-৩/১০৩

অনুলিপি (জ্ঞাতার্থে/কার্যার্থে): জ্যেষ্ঠতার ভিত্তিতে নহেঃ

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে-ই-বাংলা নগর, ঢাকা।
২. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সিপিটিইউ, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়।
৩. অফিস কপি।

# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

## BANGLADESH WATER DEVELOPMENT BOARD

পরিচালকের কার্যালয়  
কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল  
ওয়াপদা ভবন(নবম তলা)  
মতিঝিল বা/এ, ঢাকা-১০০০  
ফোনঃ ৫৭১৬৪৩৪৭

ই-মেইলঃ dir.cpc@bwdb.gov.bd



www.bwdb.gov.bd

Office of the Director  
Contract and Procurement Cell  
WAPDA Bhaban (8<sup>th</sup> floor)  
Motijheel C/A, Dhaka-1000  
Phone: 57164347  
email: dir.cpc@bwdb.gov.bd

স্মারক নং- ৪২.০১.০০০০.০০৫.২২.০০৩.১৫-২৬৫

তারিখ : ০৯-০৯-২০১৯ খ্রিঃ

### পরিপত্র

#### বিষয়ঃ সংশোধিত প্রাক্কলন (Revised Estimate) অনুমোদন সংক্রান্ত

এতদ্বারা বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের ক্রয় কার্যের সাথে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চুক্তি বাস্তবায়ন পর্যায়ে বাস্তব অবস্থার প্রেক্ষিতে পণ্য, কার্য বা সেবা ক্রয়ের ক্ষেত্রে ভেরিয়েশন অর্ডার বা অতিরিক্ত কার্যাদেশ জারীর প্রয়োজন হলে অনুমোদনকারী কর্তৃপক্ষের নিকট হতে ভেরিয়েশন অনুমোদনের পর সংশোধিত চুক্তি স্বাক্ষর করার বিধান রয়েছে। পৃথকভাবে সংশোধিত প্রাক্কলন (Revised Estimate) অনুমোদনের প্রয়োজনীয়তা নেই। এপ্রেক্ষিতে বাপাউবো'র DoFP-2016 এর Preface Clause no. 13 সহ Development/Non-Development এর B.6(XIV) & (XV) এর Remarks বাদ দেয়া হলো।

২। সিপিটিইউ স্মারক নং-২১.০০.০০০০.৩৬৪.২২.০১৬.১৯-১৭২ তারিখ ০৩/০৯/২০১৯ খ্রিঃ এর মাধ্যমে প্রাপ্ত মতামতের ভিত্তিতে এ পরিপত্র জারী করা হলো।

৩। মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সদয় অনুমোদনক্রমে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

  
(মোঃ মনিরুল ইসলাম)  
পরিচালক

স্মারক নং- ৪২.০১.০০০০.০০৫.২২.০০৩.১৫-২৬৫

তারিখ: ০৯-০৯-২০১৯ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। প্রধান প্রকৌশলী/অতিঃপ্রধান প্রকৌশলী/প্রধান..... বাপাউবো,.....।

২। পরিচালক/প্রকল্প পরিচালক / তত্ত্বাবধায়ক প্রকৌশলী ..... বাপাউবো, .....।

৩। সচিব, বাপাউবো, ঢাকা।


৪। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতিতে আনার অনুরোধসহ)

৫। নির্বাহী প্রকৌশলী..... বাপাউবো,.....।

৬। সিস্টেম এনালিস্ট, চীফ মনিটরিং এর দপ্তর, বাপাউবো, ঢাকা। (বাপাউবো'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ)

৭। ব্যক্তিগত সহকারী, অতিঃ মহাপরিচালক (.....) বাপাউবো, ঢাকা। (অতিঃ মহাপরিচালক মহোদয়ের অবগতিতে আনার অনুরোধসহ)

৮। দপ্তর কপি।

  
(মোঃ হাফিজুল আলম)  
নির্বাহী প্রকৌশলী